গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ২০৩১ বঙ্গাব্দ
০৫ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

স্মারক নং: ৩৮.০১.০০০০.৮০১.০৩.০১০.২০২২-৩০৪

বিষয়: বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি (APSC)-২০২৪ এর তথ্য IPEMIS এর মাধ্যমে সংগ্রহের নিমিত্ত সকল প্রাথমিক বিদ্যালয়ের তথ্য প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষার সার্বিক চিত্র উপস্থাপনের নিমিত্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রতি বছর সকল ধরনের প্রাথমিক বিদ্যালয়ভিত্তিক তথ্য অনলাইনে সংগ্রহপূর্বক 'বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি' প্রতিবেদন প্রকাশ করে। এ প্রতিবেদন দেশের মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে যাবতীয় পরিকল্পনা প্রণয়ন ও নানাবিধ বিশ্লেষণ এবং সিদ্ধান্ত গ্রহণে ব্যবহৃত হয়। তাছাড়া, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহ প্রাথমিক শিক্ষার সূচকসমূহ পর্যালোচনায় প্রতিবেদনটি ব্যবহার করে। ফলে বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি প্রতিবেদনটির গুরুত্ব অপরিসীম।

২। থানা/উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে অনলাইনভিত্তিক ডাটা কালেকশন প্লাটফর্মের মাধ্যমে ২০২৪ সালের প্রাথমিক বিদ্যালয়ের তথ্য সংগ্রহ কার্যক্রমে আপনার আওতাধীন সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট তথ্যাদি এপিএসসি মডিউলে ডাটা এন্ট্রির মাধ্যমে অন্তর্ভূক্তি প্রয়োজন।

৩। বর্ণিতবস্থায়, বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারি ২০২৪ এর প্রতিবেদন প্রণয়নে আপনার আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যাদি (www.ipemis.dpe.gov.bd) এর মাধ্যমে ডাটা এন্ট্রি ও অনুমোদনের কাজ **৩১ জুলাই** এর মধ্যে সম্পন্ন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৪। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

০৫/০৬/২০২৪
মহিউদ্দীন আহমেদ তালুকদার
পরিচালক
পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

উপজেলা শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি সদয় অবগতির জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা. **(দৃষ্টি আকর্ষণ: জনাব অনুজ কুমার রায়, সিসিএ);**
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল), **(শতভাগ স্কুলের তথ্য প্রদানের নির্দেশনা এবং সর্বিক তত্ত্বাবধানে );**
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), **(শতভাগ স্কুলের তথ্য মনিটরিং এবং সমন্বয় করণ );**
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা;
৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা;
৬. অফিস কপি।



E:\Rabeya-2021-2022\APSC-22-2023\APSC- Letter-22.doc